

সুনান আন-নাসায়ী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৩৯০

৩/ হায়েজ ও ইন্তিহাজা প্রসঙ্গে (كتاب الحيض والاستحاضة)

পরিচ্ছেদঃ ২২/ ঋতুমতী মহিলাদের ঈদে মুসলিমদের দু'আতে উপস্থিত হওয়া

আরবী

أَخْبَرَنَا عَمْرُو بْنُ زُرَارَةَ، قَالَ أَنْبَأَنَا إِسْمَاعِيلُ، عَنْ أَيُّوبَ، عَنْ حَفْصَةَ، قَالَتْ كَانَتْ أُمُّ عَطِيَّةَ لاَ تَذْكُرُ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم إِلاَّ قَالَتْ بِأَبَا . فَقُلْتُ أَسَمِعْتِ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم يَقُولُ كَذَا وَكَذَا قَالَتْ نَعَمْ بِأَبَا قَالَ " لِتَخْرُجِ الْعَوَاتِقُ وَذَوَاتُ الْخُدُورِ وَالْحُيَّضُ فَيَشْهَدْنَ الْخَيْرَ وَدَعْوَةَ الْمُسْلِمِينَ وَتَعْتَزِلِ الْحُيَّضُ الْمُصلَلِّي ".

বাংলা

৩৯০। আমর ইবনু যুরারা (রহঃ) ... হাফসা (রহঃ)* থেকে বর্ণিত। তিনি বলেনঃ উন্মে আতিয়ার (রাঃ) রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর নাম উচ্চারণ করলেই বলতেনঃ 'আমার পিতা উৎসর্গিত হোক'। একদা আমি জিজ্ঞাসা করলামঃ আপনি কি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে এরূপ বলতে শুনেছেন? তিনি বললেনঃ হ্যাঁ, আমার পিতা উৎসর্গিত হোক। তিনি বলেছেন, বালেগা হওয়ার নিকটবর্তী বয়সের বালিকা, অন্তঃপুরবাসিনী ও ঋতুমতী মহিলাগণ নেক কাজে এবং মুসলিমদের দোয়ার মজলিসে উপস্থিত হতে পারে, তবে ঋতুমতী মহিলাগণ সালাতের স্থান থেকে দূরে থাকবে।

English

It was narrated that Hafsah said:

"Umm 'Atiyah would never mention the Messenger of Allah (ﷺ) without saying: 'May my father be ransomed for him.' I said: 'Did you hear the Messenger of Allah (ﷺ) say such and such?' And she said: 'Yes, may my father be ransomed for him.' He said: 'Let the mature girls, virgins staying in seclusion, and menstruating woman go out and witness the good occasions and the supplications of the Muslims, but let the menstruating women keep away from the prayer place.'"

ফুটনোট



* হাফসা বিন্ত সিরীন

--

সহিহ, ইবনু মাজাহ হাঃ ১৩০৭, ১৩০৮, বুখারি হাঃ ৩২৪, মুসলিম (ইসলামিক সেন্টার) হাঃ ১৯৩৩

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ হাফসাহ বিনত সীরীন (রহঃ)